

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
পুলিশ সুপারের কার্যালয়  
বরগুনা

**নিয়োগ বিজ্ঞপ্তিঃ**

স্মারক নং-বরগুনা(প্রশাঃ)/নিয়োগ/২২২-২৩/০৯৫৬(৭)/২

তারিখ ০৬/০৯/২০২৩ খ্রিঃ।


স্বরাষ্ট্র মন্ত্রণালয় জননিরাপত্তা বিভাগ পুলিশ শাখা-২ এর স্মারক নং ৪৪.০০.০০০০.০৯৫.০২.০০৮.২১-১৮১ তারিখ ০৮-০৫-২০২৩খ্রি. এবং পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং ৪৪.০১.০০০০.০২৮.০৪.০২০.২০২১/৯৫০ তারিখ ২৫-০৫-২০২৩খ্রি. মোতাবেক বরগুনা পুলিশ সুপারের কার্যালয়ে জন্য অফিস সহায়কের শূণ্য পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে বরগুনা জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে।

নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	যোগ্যতা ও অভিজ্ঞতা
১	অফিস সহায়ক	১(এক) টি	৮২৫০-২০০১০/-	অষ্টম শ্রেণী উত্তীর্ণ

**শর্তাবলী।**

- আগ্রহী প্রার্থীগণকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত চাকরির আবেদন ফরম স্পষ্টাক্ষরে পূরণ পূর্বক আবেদন করতে হবে। আবেদন ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়ের [www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd) এর ওয়েব সাইট এবং পুলিশ সুপারের কার্যালয়, বরগুনা হতে সংগ্রহ করা যাবে।
- আবেদনপত্র গ্রহণের তারিখ ০৫-০৯-২০২৩ খ্রি হতে ২৫/০৯/২০২৩ খ্রিঃ অফিস চলাকালীন সময় সরকারি ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পুলিশ সুপার বরগুনা এর বরাবরে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীর বয়স ২৫/০৯/২০২৩ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ হতে ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পোষ্যদের বেলায় বয়স সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- আবেদন পত্রের সাথে প্রার্থীর নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :
  - জন্ম সনদ ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ছায়ালিপি।
  - সংশ্লিষ্ট পৌরসভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব এবং স্থায়ী ঠিকানার সনদপত্র।
  - শিক্ষাগত যোগ্যতার সনদপত্রে সত্যায়িত ছায়ালিপি।
  - প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ সংযুক্ত করতে হবে।
  - প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রসিন ছবি। ১(এক) কপি ছবি আবেদনপত্রের উপরে ডান পাশে আটাদিয়ে লাগাতে হবে এবং অন্য ২ কপি ছবি আবেদন পত্রের উপরে বামপাশে স্ট্যাম্পলার পিন দিয়ে সংযুক্ত করে দিতে হবে। কোন প্রকার এডিটিং করা ছবি গ্রহণযোগ্য হবে না।
  - পরীক্ষা ফি বাবদ ১০০/- (একশত) টাকা ট্রেজারী চালানে সরকারি কোষাগারে/ব্যাংকে কোড নং ১-২২১১-০০০০-২০৩১ এ জমা প্রদান করতঃ চালানের মূলকপি আবেদনের সাথে জমা দিতে হবে।
- খামের উপর প্রার্থীকে পদের নাম উল্লেখ করতে হবে।

- ৬। নিয়োগের ক্ষেত্রে নিয়োগ বিধি ও সরকার নির্ধারিত কোটা/বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে। বিভিন্ন কোটার আওতায় যে সকল প্রার্থী আবেদন করবেন তাকে উক্ত কোটার স্বপক্ষে প্রয়োজনীয় সনদপত্রের (প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) ছায়ািলিপি এবং আবেদন পত্রের উপর কোটার নাম উল্লেখ করতে হবে।
- ৭। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পোষ্য হলে প্রার্থীকে সরকার কর্তৃক নির্ধারিত উপযুক্ত কর্তৃপক্ষের প্রদত্ত মূল সনদপত্রের (মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদপত্র অথবা বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদের সত্যায়িত ছায়ািলিপি দাখিল করতে হবে। এরূপ সনদ ব্যতিত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসেবে গ্রহণযোগ্য হবে না। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পোষ্য প্রমাণের জন্য স্থানীয় ইউপি চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত ছায়ািলিপি দাখিল করতে হবে।
- ৮। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থানে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে এবং এজন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৯। কোন তথ্য গোপন করলে কিংবা তথ্যের স্বপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিলে ব্যর্থ হলে কিংবা কোন তদবিরের আশ্রয় নিলে তা প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- ১০। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যে কোন শর্ত সংযোজন বা পরিবর্তন করতে পারবেন।
- ১১। চূড়ান্ত ভাবে বাছাইকৃত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশনে এবং স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ তথ্য পাওয়া গেলে তাকে নিয়োগ প্রদান করা হবে না।
- ১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন/ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

  
(মোঃ আবদুস ছালাম)  
বিপি-৭৬০৬১০৯৮১৭  
পুলিশ সুপার, বরগুনা


ফোন-০২৪৭৮৮৮৫৩১৪, ফ্যাক্স ০২৪৭৮৮৮৬৫১৪

স্মারক নং-বরগুনা(প্রশাঃ)/নিয়োগ/২২২-২৩/০৯৫৮(৭)/১  
অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হ'লঃ-

তারিখ ০৬/০৯/২০২৩ খ্রিঃ।

- ১। ডিআইজি, বাংলাদেশ পুলিশ, বরিশাল রেঞ্জ, বরিশাল।
- ২। জেলা প্রশাসক, বরগুনা।
- ৩। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত/ এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, বরগুনা।
- ৪। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক সমকাল, ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা।
- ৫। ম্যানেজার (বিজ্ঞাপন), দি ডেইলী ফিন্যান্সিয়াল এক্সপ্রেস,  
৪৫ তোপখানা রোড, ডাকা ১০০০।

আগামী ০৫/০৯/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে ১২×৩  
কলামে প্রকাশ করতঃ উক্ত পত্রিকার ০৩ কপি  
অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।

  
(মোঃ আবদুস ছালাম)  
বিপি-৭৬০৬১০৯৮১৭  
পুলিশ সুপার, বরগুনা

ফোন-০২৪৭৮৮৮৫৩১৪, ফ্যাক্স ০২৪৭৮৮৮৬৫১৪